গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.moysports.gov.bd**

নং-৩৪.০০.০০০০.০৫১.৭৭.০০১.২১(যুকত)-২০

তারিখ : ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
২৪ মে, ২০২১ খ্রিস্টাব্দ

## অনুদানের বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের **যুবকল্যাণ তহবিল** থেকে যুব সংগঠনসমূহকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে **২০২০-২০২১** অর্থবছরের জন্য প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের নিমিত্ত নিম্নোক্ত **নীতিমালা/শর্তাবলি** অনুসারে অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১. আবেদনকারী যুব সংগঠনসমূহকে আবশ্যিকভাবে (Mandatory) দেশের বিদ্যমান আইন অনুযায়ী রেজিস্ট্রেশন/ নিবন্ধনভুক্ত হতে হবে।

২. যুবকল্যাণ তহবিল হতে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত/নিবন্ধিত সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।

৩. উপানুষ্ঠানিক শিক্ষা, ধাত্রীবিদ্যা, ঋণ কার্যক্রম ইত্যাদি সম্পর্কিত কার্যক্রম/প্রকল্প অনুদান প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।

৪. প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য সম্ভাব্য মোট ব্যয়ের কমপক্ষে শতকরা ১০ (দশ) ভাগ অর্থ সংগঠনের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।

৫. নির্বাচিত সংগঠনের প্রকল্পের গুণাগুণ (Merit) বিবেচনা করে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত প্রকল্প অনুদান প্রদান করা হবে।

৬. যুবনারী অথবা তৃতীয়লিঙ্গ অথবা প্রতিবন্ধী/বিশেষ চাহিদাসম্পন্নদের দ্বারা পরিচালিত সংগঠনকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৭. আবেদনপত্রের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক দাখিলকৃত তথ্যাদির সমর্থনে প্রমাণক আপলোড করতে হবে।

৮. গত অর্থবছরে **(২০১৯-২০২০)** যেসব যুব সংগঠন অনুদান পেয়েছে তাদের আবেদন অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৯. দুর্গম/পশ্চাৎপদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্যপীড়িত এলাকার আবেদনকারী যুব সংগঠনকে সকল শর্ত পূরণ সাপেক্ষে অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।

১০. আবেদনকারী সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে যথাস্থানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তার প্রত্যয়ন থাকতে হবে ( বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তার হওয়ায় যুব সংগঠন কর্তৃক কোন সনদ সংগ্রহ করার প্রয়োজন নেই)।

১১. অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে- (ক) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় সংগঠনের প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের বিবরণ (বয়স ১৮-৩৫ বছর), (খ) বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির আওতায় আত্মকর্মসংস্থান (গ) দারিদ্র বিমোচনে সুযোগ সৃষ্টি (ঘ) উদ্যোক্তা তৈরি (ঙ) ইনোভেশন কার্যক্রম সম্পর্কিত চাহিত তথ্যাদি আপলোড করতে হবে।

১২. সংগঠনের অন্যান্য কার্যক্রম তথা (১) সামাজিক সচেতনতামূলক কার্যক্রম (যেমন- ইভটিজিং/ বাল্যবিবাহ প্রতিরোধ, মশক নিধন, জলবায়ু পরিবর্তন ও প্রকৃতিক দূর্যোগ মোকাবেলা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, যৌতুক বিরোধি কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম ইত্যাদি) (২) যুবদের মূল্যবোধ উৎকর্ষ সাধন কার্যক্রম (৩) স্বেচ্ছাসেবী কার্যসম্পাদন বিষয়ক তথ্যাদি অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে।

১৩. নীতিমালা বহির্ভুত প্রকল্প অনুদানের যোগ্য হিসেবে বিবেচিত হবে না ।

১৪. যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম ও সিদ্ধান্ত যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত ।

২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট **( www.moysports.gov.bd )** এর **অভ্যন্তরীণ ই-সেবার** আওতাভুক্ত **যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান** লিংকে অথবা সরাসরি http://**103.48.18.205/Grants/** ব্রাউজ করে নির্ধারিত অনলাইন আবেদন ফরম যথাযথাভাবে পূরণপূর্বক **তৎসঙ্গে ফিল্ডওয়ারি প্রযোজ্য চাহিত তথ্যাদি PDF আকারে আপলোড (Upload) করে** তা **আগামী ২৮ জুন ২০২১ খ্রিস্টাব্দ (১৪ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ)** তারিখের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন দাখিল কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

৩। উল্লেখ্য, অনলাইন আবেদন দাখিলের পদ্ধতিসমূহ অনুসরণ করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির শেষে প্রদর্শন করা হয়েছে।

স্বাক্ষরিত
২৪/০৫/২০২১
সোনিয়া হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৫৫০৯

নং-৩৪.০০.০০০০.০৫১.৭৭.০০১.২১(যুকত)-২০ তারিখ : ২৪ মে, ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ( মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে নির্দেশনা প্রদানসহ পত্রটি ই-মেইল বার্তায় সকলের নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ )।

৩। যুগ্মসচিব(যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। জেলা প্রশাসক (সকল) [ তাঁর অধীনস্থ মহানগরির ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং সকল উপজেলা নির্বাহী অফিসার-কে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে নির্দেশনা প্রদানের অনুরোধসহ ] ।

৫। উপসচিব (যুব-১/২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা (ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত যুব সংগঠনের আবেদনসমূহ সুপারিশপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে জেলার সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর অনলাইনে প্রেরণের অনুরোধসহ )।

৯। উপজেলা নির্বাহী অফিসার, ............................................ উপজেলা (এ বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অনলাইনে প্রাপ্ত আবেদনে তাঁর সুপারিশ প্রদানপূর্বক নির্ধারিত সময়ে জেলার সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর অনলাইনে প্রেরণের অনুরোধসহ )।

১০। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয়,.........সকল...............জেলা ( **তাঁকে নিম্নোক্ত নির্দেশাবলি যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো** ) :

(১) সকল উপজেলা/ইউনিট থানা হতে যুব সংগঠন কর্তৃক অধিক সংখ্যক আবেদন দাখিল করে সে বিষয়ে উপজেলা পর্যায়ের সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

(২) বিজ্ঞপ্তি অনুযায়ী **২০১৯-২০২০** অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুব সংগঠনের আবেদন বিবেচনাযোগ্য নয় । এ ক্ষেত্রে কোন আবেদন দাখিল করা হলে তা জেলা কমিটির মাধ্যমে বাতিল করার ব্যবস্থা গ্রহণ ।

(২) আবেদনকারী যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে আবশ্যিকভাবে (Mandatory) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার যাচাই-বাছাই ফরমের নির্ধারিত স্থানে প্রত্যয়ন থাকতে হবে। **এতদসংক্রান্ত প্রত্যয়ন ব্যতীত কোন আবেদন সুপারিশযোগ্য নয়।**

(৩) উপজেলা/থানা ইউনিট কার্যালয় হতে যথানিয়মে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত যুব সংগঠনের আবেদনসমূহ জেলা যাচাই-বাছাই কমিটির নিকট পেশ করার পূর্বে যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন/স্বীকৃতিপত্র, নিবন্ধনকারী কর্তৃপক্ষের সংশ্লিষ্ট জেলা অফিস থেকে সংগঠনের নিবন্ধন/হালনাগাদ সঠিকতা যাচাই করার ব্যবস্থা গ্রহণ।

(৪) যুব সংগঠন কর্তৃক দাখিলকৃত অনলাইন আবেদন অনুযায়ী সংগঠনের কার্যক্রম সম্পর্কে নিশ্চিত হয়ে নির্ধারিত স্থানে তাঁর সুস্পষ্ট সুপারিশ/মতামত প্রদান।

(৫) সকল আনুষ্ঠানিকতা শেষে প্রাপ্ত যুব সংগঠনের সকল অনলাইন আবেদনসমূহ জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত জেলা যাচাই-বাছাই কমিটির নিকট উপস্থাপনসহ সভার সুপারিশ সংবলিত কার্যবিবরণী **(সঠিক ও ত্রুটিপূর্ণ আবেদনের নাম উল্লেখসহ)** নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ত্রুটিপূর্ণ আবেদন জেলা কমিটির মাধ্যমে বাতিল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। **উল্লেখ্য, নির্ধারিত সময়ের পর তাঁর প্যানেল বোর্ড বন্ধ হয়ে যাবে।**

(৬) সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত **ইউজার গাইড (User Guide)** অনুসরণ করা ।

(৭) এ বিষয়ে যেকোন সমস্যাদি নিরসনকল্পে ইতঃপূর্বে মাস্টার ট্রেনার হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত জেলার সংশ্লিষ্ট প্রশিক্ষক এবং সফটওয়্যার নির্মাতা Swift Solution এর প্রতিনিধিদের সহযোগিতা নেয়া যেতে পারে (সংশ্লিষ্টদের মোবাইল নম্বর পত্রের শেষে দ্রষ্টব্য )।

১১। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, ......................................।

১২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা ( ওয়েবসাইটে প্রকাশের জন্য )।

১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা/থানা ইউনিট কার্যালয়, ........সকল.......................... ( **তাঁকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো** ) :

(১) সকল উপজেলা/ইউনিট থানা হতে যাতে যুব সংগঠন কর্তৃক অধিক সংখ্যক আবেদন দাখিল করে সে বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণ ।

(২) যুব সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন আবেদন দাখিলের ক্ষেত্রে সকল প্রকার সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো ।

(৩) সরেজমিন পরিদর্শন করে যুব সংগঠনের প্রয়োজনীয় তথ্যাদির বিষয়ে নিশ্চিত হয়ে নির্ধারিত স্থানে তাঁর সুপারিশসহ আবেদনকারী যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে আবশ্যিকভাবে (Mandatory) যাচাই-বাছাই ফরমে সুপারিশসহ নির্ধারিত স্থানে তাঁর প্রত্যয়ন থাকতে হবে। উল্লেখ্য, এ প্রত্যয়ণ ব্যতীত কোন আবেদন অগ্রায়ণ হবে না।

(৪) সফটওয়্যারের তাঁর প্যানেল বোর্ডে প্রদর্শিত নির্ধারিত সময়ের মধ্যে সকল আনুষ্ঠানিকতা শেষে মহানগরির ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদনসমূহ অনলাইনে প্রেরণের ব্যবস্থা গ্রহণ। **উল্লেখ্য, নির্ধারিত সময়ের পর তাঁর প্যানেল বোর্ড বন্ধ হয়ে যাবে।**

(৫) যুব সংগঠনসমূহ কর্তৃক দাখিলকৃত অনলাইন আবেদনে মহানগরির ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সুপারিশ শেষে তা অনলাইনের মাধ্যমে জেলার সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর অনলাইনের মাধ্যমে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(৬) উপজেলা/থানা ইউনিট কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সুপারিশ ভিত্তিহীন প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে তার সার্বিক দায়-দায়িত্ব বহন করতে হবে।

(৭) সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত **ইউজার গাইড (User Guide)** অনুসরণ করা।

(৮) এ বিষয়ে যেকোন সমস্যাদি নিরসনকল্পে ইতঃপূর্বে মাস্টার ট্রেনার হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত জেলার সংশ্লিষ্ট প্রশিক্ষক এবং সফটওয়্যার নির্মাতা Swift Solution এর প্রতিনিধিদের সহযোগিতা নেয়া যেতে পারে (সংশ্লিষ্টদের মোবাইল নম্বর পত্রের শেষে দ্রষ্টব্য )।

বিঃদ্রঃ **সকল আবেদন যাচাই-বাছাই শেষে শুধুমাত্র একটি ফাইলের মাধ্যমে মহানগরির ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার বরাবর অনলাইনে প্রেরণ করতে হবে। একাধিক ফাইল প্রেরণ করার কোন সুযোগ নেই।**

১৪। অফিস কপি।

28/06/2021

সোনিয়া হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৫৫০৯

**বি : দ্র :** ১. উপজেলা/ ইউনিট থানা কার্যালয় হতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের তারিখ : **২৯ জুন, ২০২১ হতে ১৪ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ।**

২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার থেকে উপপরিচালক, জেলা কার্যালয় বরাবর প্রেরণের তারিখ : **১৫ জুলাই ২০২১ হতে ০২ আগষ্ট, ২০২১ খ্রিস্টাব্দ।**

৩. জেলা যাচাই-বাছাই কমিটির মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের তারিখ : **০৩ আগষ্ট, ২০২১ হতে ২৩ আগষ্ট, ২০২১ খ্রিস্টাব্দ।**

❖ যে কোন বিষয়ে প্রযোজ্য ক্ষেত্রে **০১৯৪২২০১৫৬১** ও **০১৭৫০৪৩০৭৯৫** মোবাইল নম্বরে ফোন করে পরামর্শ নেয়া যাবে।